গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
১৩ শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি
মৎস্য ভবন, রমনা, ঢাকা
www.fisheries.gov.bd

নং-৩৩.০২.০০০০.১১৪.০২.০৩৫.১৮.১৩৩ তারিখ: ০২/০৫/২০১৯ খ্রি.

বিষয়: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে ২১-০৪-২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)-এর সভার সিদ্ধান্ত মোতাবেক কার্যকর পদক্ষেপ গ্রহণ প্রসঙ্গে।

সূত্র: মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২৫-০৪-২০১৯ খ্রি. তারিখের ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৭.১২৫ সংখ্যক স্মারকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে মন্ত্রণালয়ের সভাকক্ষে ২১-০৪-২০১৯ খ্রি. তারিখে বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)-এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের ২নং ক্রমিকে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

> "লক্ষ্যমাত্রা অর্জনের হার কম এরুপ কার্যক্রমের ক্ষেত্রে দপ্তর/ সংস্থা প্রধানগণ মাঠ পর্যায়ে লিখিত নির্দেশনা জারীসহ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের কার্যকর পদক্ষেপ গ্রহণ করবেন।"

এমতাবস্থায় সভায় গৃহীত উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য আপনাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী।

০২/৫/১৯

(মোঃ মনোয়ার হোসেন)
উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা।
ইমেইল: monwar.hossain@gmail.com

উপপরিচালক
মৎস্য অধিদপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।

আপনার অধীনস্থ জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহে উক্ত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের বিষয়টি নিশ্চিতকরণপূর্বক অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। সিস্টেম এনালিস্ট, আইসিটি শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

ই-মেইল/ফ্যাক্স/ডাকযোগে প্রেরিত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

নং- ৩৩.০০.০০০০.১০৭.০৫.০০১.১৭-১২৫

তারিখ: ১২ বৈশাখ ১৪২৬ / ২৫ এপ্রিল ২০১৯

বিষয়: ২১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ২১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (বিএমসি) সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

২৫/০৪/১৯

(মো: মাহবুবুল হক)
উপসচিব (বাজেট)
ফোন নং-৯৫৪৫৭৭১
E-mail: ds_budget@mofl.gov.bd

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

১. সচিব, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে-বাংলা নগর, ঢাকা (দৃষ্টি আকর্ষণঃ পরিচালক, কৃষি, পল্লী উন্নয়ন ও গবেষণা সেক্টর)।
২. অতিরিক্ত সচিব (প্রশাসন/প্রাণিসম্পদ-২), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, ঢাকা।
৪. যুগ্মসচিব (মৎস্য/প্রাণিসম্পদ-১/প্রাণিসম্পদ-৪/ব্লু ইকোনমি/প্রাণিসম্পদ-৩/মৎস্য-৫), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. যুগ্মসচিব (বাজেট-৬ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. উপ-পরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭. যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৯. মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
১০. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১১. মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
১২. উপসচিব (বাজেট-২০ অধিশাখা), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপসচিব (প্রশাসন-১ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১৫. উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিজ সম্পদ উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৬. উপ-প্রধান, কৃষি, শিল্প ও শক্তি এবং সমন্বয় উইং, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১৭. সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
১৮. রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৯. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. অফিস কপি।

E:\Budget Section\Minutes APA (Nikosh)\Forwarding.doc

২১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণী

সভাপতি	:	জনাব মোঃ রইছউল আলম মন্ডল সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
সভার স্থান	:	মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৫১০ ও ৫১২, ভবন নং-৬)
তারিখ	:	২১/০৪/২০১৯ খ্রিঃ
সময়	:	বিকাল ৩:৩০ ঘটিকা
উপস্থিতির তালিকা	:	পরিশিষ্ট-ক

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সচিব ও বাজেট ব্যবস্থাপনা কমিটির সভাপতি জনাব মোঃ রইছউল আলম মন্ডল-এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচনা উপস্থাপনের জন্য উপসচিব (বাজেট)কে আহ্বান জানান। অত:পর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহিত হয়।

আলোচনা-০১: বিগত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ: বিগত ২৯/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির (BMC) সভার কার্যবিবরণীর উপর কোন সংশোধনী প্রস্তাব না থাকায় উক্ত কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

আলোচনা-০২: মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ, ২০১৯) প্রতিবেদন পর্যালোচনাঃ

সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রার বিপরীতে ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০১৯)-এর অগ্রগতি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন। তিনি সভায় অবহিত করেন যে, মন্ত্রিপরিষদ বিভাগ এবং মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মধ্যে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ৫টি কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ৬৩টি কার্যক্রম এবং ৪টি আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের বিপরীতে ২২টি কার্যক্রম নির্ধারিত রয়েছে। সভায় উপস্থাপিত প্রতিবেদনে দেখা যায় যে, কোন কোন কার্যক্রমে লক্ষ্যমাত্রা পূরণ/ সন্তোষজনক অর্জন হয়েছে এবং কোন কোন ক্ষেত্রে অগ্রগতি কম হয়েছে। সভাপতি নির্ধারিত কার্যক্রমের বিপরীতে অর্জনের বিষয়ে বক্তব্য/মতামত প্রদানের জন্য সংশ্লিষ্টগণকে আহ্বান জানান।

কৌশলগত উদ্দেশ্যসমূহের মধ্যে-

- ১.১ (প্রদর্শনী মৎস্য খামার স্থাপন), ১.৩ (বিল নার্সারি স্থাপন), ১.৬ (মৎস্য হ্যাচারি নিবন্ধন ও নবায়ন) ও ১.১৪ (মাছের অভয়াশ্রম স্থাপন)-এর অগ্রগতির হার কম হওয়ার বিষয়ে মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান যে, কার্যক্রমসমূহের সাথে মৌসুম ভিত্তিক সম্পর্ক থাকায় অর্জন কম হয়েছে। তবে ৪র্থ কোয়াটারে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে।
- ৪.৩ (মৎস্যচাষি, মৎস্যজীবী ও অন্যান্য সুফলভোগীদের প্রশিক্ষণ প্রদান) কার্যক্রমটি পুকুর পুনঃখননের সাথে সম্পর্কিত এবং এর সাথে প্রকল্পের অর্থ ছাড় ও মৌসুমভিত্তিক সম্পর্ক থাকায় অর্জন কম হয়েছে। তবে মে মাসের মধ্যে লক্ষ্যমাত্রা পূরণ করা সম্ভব হবে বলে সভায় উপস্থিত মৎস্য অধিদপ্তরের প্রতিনিধি জানান। তাছাড়া, ১.১২ (সামুদ্রিক সংরক্ষিত এলাকা ঘোষণা)-এর কার্যক্রম চলমান রয়েছে এবং শীঘ্রই লক্ষ্যমাত্রা অর্জিত হবে।
- নিদের্শনা অনুযায়ী সামুদ্রিক সংরক্ষিত এলাকা ঘোষণার কার্যক্রমটি এখনো বাস্তবায়িত না হওয়ায় সভাপতি অসন্তোষ প্রকাশ করেন। এ পর্যায়ে তিনি উল্লিখিত কার্যক্রমসমূহের লক্ষ্যমাত্রা অবিলম্বে পূরণের জন্য মাঠ পর্যায়ে লিখিত নির্দেশনা প্রদান এবং ব্যর্থতায় যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য মৎস্য অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।

- ৪.১১ (মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর পরিদর্শন) কার্যক্রমের লক্ষ্যমাত্রার বিপরীতে অর্জন কম হয়েছে। এ বিষয়ে যুগ্মসচিব (ব্লু ইকোনমি) পরিদর্শন টিম গঠন করে লক্ষ্যমাত্রা পূরণের পক্ষে মতামত ব্যক্ত করেন। অতিরিক্ত সচিব (প্রশাসন) কে নিবিড় তদারকির মাধ্যমে মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর পরিদর্শনের লক্ষ্যমাত্রা পূরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।

- ১.১৭ (মৎস্যজাত প্রযুক্তি উদ্ভাবন) ও ১.১৮ (মৎস্যজাত প্রযুক্তি হস্তান্তর) কার্যক্রমের লক্ষ্যমাত্রা মার্চ মাস পর্যন্ত অর্জন হয়নি। এ বিষয়ে মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট সভায় জানান যে, ইতোমধ্যে ২টি প্রযুক্তি উদ্ভাবন সম্পন্ন হয়েছে এবং আনুষ্ঠানিকভাবে উদ্ভাবিত প্রযুক্তিসমূহ যথাশীঘ্র সম্ভব হস্তান্তর করা হবে।

- ২.৮ (পশুখাদ্য নমুনা পরীক্ষাকরণ)-এর অর্জন কম হওয়ার বিষয়ে প্রাণিসম্পদ অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, শীতকালে পশু খাদ্যে আদ্রতা কম থাকে বলে খাদ্য নষ্ট কম হয়, যার কারণে নমুনা পরীক্ষাও কম হয়ে থাকে। এ ক্ষেত্রে প্রসংগত তিনি বলেন যে, সরকারি খামারে ক্রয়কৃত খাদ্যই পরীক্ষা করা হয়ে থাকে।

- এ প্রেক্ষিতে সভাপতি জনগণের কল্যাণে বাজারভিত্তিক পশুখাদ্য পরীক্ষাকরণের জন্য নির্দেশনা প্রদান করেন। তাছাড়া সভাপতি ৩.৯ নং (প্রাণিসম্পদ বিষয়ক বিভিন্ন আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা করা) কার্যক্রমের অর্জন কম হওয়ায় দ্রুত বার্ষিক লক্ষ্যমাত্রা পূরণের নিমিত্ত কার্যক্রম গ্রহণ করার জন্য মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তরকে নির্দেশনা প্রদান করেন।

- ২.১১ [প্রাণিজাত প্রযুক্তি উদ্ভাবন] ও ২.১২ [প্রাণিজাত প্রযুক্তি হস্তান্তর] কার্যক্রমের লক্ষ্যমাত্রা মার্চ মাস পর্যন্ত অর্জন হয়নি। এ প্রসঙ্গে মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট সভায় জানান যে, ইতোমধ্যে ৪টি প্রযুক্তি উদ্ভাবন সম্পন্ন হয়েছে এবং আনুষ্ঠানিকভাবে উদ্ভাবিত প্রযুক্তিসমূহ মে মাসে হস্তান্তর করা হবে।

- ৪.৯ নং কার্যক্রমটির (সামুদ্রিক মৎস্য সম্পদ আহরণ ও ব্যবস্থাপনার লক্ষ্যে ডিগ্রী প্রদান) অগ্রগতি কম হওয়া প্রসঙ্গে অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী সভায় জানান যে, বিষয়টি কোর্সের মেয়াদ সংশ্লিষ্ট বিধায় এখনো লক্ষ্যমাত্রা পূরণ হয়নি। তবে পরবর্তীতে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জন করা সম্ভব হবে। এ প্রেক্ষিতে সভাপতি কোর্স কারিকুলাম আপডেট করে লক্ষ্যমাত্রা পূরণের জন্য নির্দেশনা প্রদান করেন।

- ৪.১০ (ভেটেরিনারি পেশাজীবীদের প্রশিক্ষণ প্রদান) কার্যক্রমটির অর্জনের হার কম হওয়ার বিষয়ে বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিলের প্রতিনিধি সভায় জানান যে, প্রশিক্ষণ ও কর্মশালা দুই ভাগে কার্যক্রমটি সম্পাদন করা হয়। ৪টি কিস্তিতে বরাদ্দ পাওয়া যায় বিধায় মে-জুন মাসে ২টি কর্মশালা করে লক্ষ্যমাত্রা পূরণ করা হবে।

- উপস্থাপিত এ বক্তব্যের সাথে দ্বিমত পোষণ করে অতিরিক্ত সচিব (প্রাণিসম্পদ-২), অতিরিক্ত সচিব (প্রশাসন) ও সভার সভাপতি তিন কিস্তির অর্থ ছাড় করা সত্ত্বেও কর্মশালা অনুষ্ঠান না করায় অসন্তোষ প্রকাশ করেন। সভাপতি ইতোমধ্যে ছাড়কৃত টাকা দিয়ে একটি ও ৪র্থ কিস্তির টাকা দিয়ে আরেকটি কর্মশালা করার নির্দেশনা প্রদান করেন।

- আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহের শতভাগ অর্জনের বিষয়ে বিশেষত: ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন, অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন, অডিট আপত্তি নিস্পত্তিকরণ, বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন, বাজেট বাস্তবায়নে উন্নয়ন, বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন, শূন্য পদে নিয়োগ প্রদান ইত্যাদি বিষয়ে দ্রুত ও কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি সভায় উপস্থিতগণের দৃষ্টি আকর্ষণ করেন। এসব লক্ষ্যমাত্রা পূরণে প্রয়োজনীয় ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর এর সহিত যোগাযোগ করার জন্য সভাপতি পরামর্শ প্রদান করেন।

সভায় বিস্তারিত আলোচনান্তে মন্ত্রিপরিষদ বিভাগের সাথে এ মন্ত্রণালয়ের ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০১৯) প্রতিবেদন অনুমোদন করা হয়।

আলোচনা-০৩: বিবিধঃ মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থার কার্যক্রমকে পরবর্তী বছর হতে এপিএ-এর অন্তর্ভুক্ত রাখা এবং এপিএ'র লক্ষ্যমাত্রা অর্জনে বছরের শুরু হতে উদ্যোগী থাকার জন্য দপ্তর/সংস্থা প্রধান ও মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সভাপতি পরামর্শ প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহিত হয়ঃ

সিদ্ধান্ত:

১। ২০১৮-২০১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৩য় ত্রৈমাসিক (জানুয়ারি-মার্চ/২০১৯) প্রতিবেদন অনুমোদন এবং মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়।

২। লক্ষ্যমাত্রা অর্জনের হার কম এরূপ কার্যক্রমের ক্ষেত্রে দপ্তর/সংস্থা প্রধানগণ মাঠ পর্যায়ে লিখিত নির্দেশনা জারীসহ শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবেন।

৩। মন্ত্রণালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ নিবিড় তদারকির মাধ্যমে বার্ষিক লক্ষ্যমাত্রা অর্জনে উদ্যোগী থাকবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রইছউল আলম মন্ডল
সচিব
ও
সভাপতি
বাজেট ব্যবস্থাপনা কমিটি (বিএমসি)।

E:\Budget Section\Minutes APA (Nikosh)\BMC Meeting APA (2018-19) 3rdQuarter.doc

২১/০৪/২০১৯ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাজেট ব্যবস্থাপনা কমিটির সভার উপস্থিতি:

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	অফিসের নাম	স্বাক্ষর	মোবাইল, ফোন ও ই-মেইল
১	[illegible] অতিরিক্ত সচিব	MoFL	[স্বাক্ষর] ২১/৪/১৯	01712-749920
২.	ড. [illegible] মাহমুদ মহাপরিচালক	[illegible]	[স্বাক্ষর] ২১/৪/১৯	0711-[illegible]
৩.	ড. [illegible] মহাপরিচালক	[illegible]	[স্বাক্ষর] ২১/৪/১৯	017[illegible]
৪.	মো: [illegible] করিম উপ-পরিচালক (বাজেট)	মৎস্য ও প্রাণিসম্পদ [illegible]	[স্বাক্ষর] ২১/৪/১৯	01729-[illegible]
৫.	রনজিৎ কুমার যুগ্ম সচিব পরিচালক (যুগ্ম)	BFDC	[স্বাক্ষর] ২১/৪/১৯	01712026608.
৬.	[illegible]	MFA	[স্বাক্ষর] ২১/৪/১৯	0171[illegible]
৭	[illegible]	বাং[illegible]	[স্বাক্ষর]	01710848699 drgopal70@gmail.com
৮.	ড: অনুরাধা ভদ্র পি. এস. ও.	BFRI	[স্বাক্ষর] ২১/৪/১৯	01722319452 bhadra96@yahoo.com
৯	ড. নাসরিন সুলতানা পিএসও	BLRI	[স্বাক্ষর] ২১/৪/১৯	01914033344 nassul2003@yahoo.com
১০	ড. [illegible] সেলিম [illegible]	DLS	[স্বাক্ষর] ২১/৪/১৯	01946952011 hmsalim@gmail.com

ক্রমিক নং	কর্মকর্তার নাম ও পদবী	অফিসের নাম	স্বাক্ষর	মোবাইল, ফোন ও ই-মেইল
১১	আলাউদ্দিন আল আজাদ নিরীক্ষা ও হিসাবরক্ষণ কর্মকর্তা	বিভাগ/মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্র:	[illegible] ২৩/৮/১৯	০২৯৫৮৩-৪১৬৫৫৮
১২	আকলিমা আক্তার সহকারী পরিচালক	মৎস্য অধিদপ্তর	[illegible] ২৩/৮/১৯	01685758028
১৩	ড. মুহ: নিযামউদ্দিন জেলা মৎস্য কর্মকর্তা (চ:দা:)	মৎস্য অধিদপ্তর	[illegible] 23/08/19	০১৭১১২০৬৯৯১৮
১৪	ড. তহুরুল ইসলাম মুনির যুগ্মসচিব	MoFL	[illegible] ২৩/৮/১৯	01711430201
১৫	প্রদীপ কুমার বালা যুগ্ম-সচিব	MOFL	[illegible]	01715895877
১৬	কাজী ওয়াছিউদ্দিন অতি: সচিব	MoFL	[illegible] 23/8 ১৯	01715-049 051
১৭	মো: তৌফিকুল আরিফ যুগ্মসচিব	MoFL	[illegible] ২৩/৮/১৯	০১৭১১৩৪৪৮০৬
১৮	ডা. অমিতাভ চক্রবর্তী উপসচিব	MoFL	[illegible] ২৩/৮/১৯	01712204644
১৯	ডা. হীরেশ রঞ্জন ভৌমিক যুগ্ম প্রধান	DLS	[illegible] ২৩/৮/১৯	01711578847
20	মোঃ মাহবুবুল হক উপসচিব	MoFL	[illegible] ২৩/৮/১৯	01718647580